রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৯ নং

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১, ২০১৮

সূচীপত্র

	পৃষ্ঠা নং
১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	৯৫—১০৯
২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	২৬১—২৯২
৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	৩৩—৩৫
৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই
৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই
৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	১৯৯—২২৫
৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	৯
ক্রোড়পত্র—সংখ্যা	
(১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।	নাই
(২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই
(৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
(৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/০৯ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩.১৬.২৩—যেহেতু, জনাব কে এম জহুরুল আলম (১৬২৬৭), এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর, প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), রামপাল, বাগেরহাট হিসেবে কর্মকালে অন্যায়ভাবে লাভবান হয়ে রামপাল উপজেলার ৭৮নং ভাগা মৌজার এস.এ খতিয়ানের ২৫.৫৭ একর সরকারি জমি ভূয়া দলিল ও কাগজ-পত্রের ভিত্তিতে মিস কেস নং ১৬৫(IX-I)/১৪-১৫ এর মাধ্যমে অবৈধভাবে রেকর্ড করে জনৈক আঃ হান্নান গংদের অনুকূলে দাখিলা প্রদান, প্রকৃত মালিকানার ও সরেজমিনে দখল যাচাই না করে হাল জরিপে সরকারের নামে রেকর্ড ও লিজ গ্রহীতার দখল থাকা সত্ত্বেও উক্ত নামজারি সম্পন্ন করার অভিযোগ পাওয়া যায়। উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০৬-০৪-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৮১. ২৭.০০৩.১৬.১৬৯ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৯-০৫-২০১৭ তারিখ তার লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির আবেদন করলে ০৬-০৬-২০১৭ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানী অন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় জনাব কাজী আবু তাহের (৬৭৩১), উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা-কে উক্ত বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্ত কর্মকর্তা ১৮-১২-২০১৭ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেছেন যে, নালিশী জমিতে বৈধভাবে লীজ প্রাপ্ত ও বন্দোবস্তপ্রাপ্ত প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গ শান্তিপূর্ণভাবে ভোগ দখলে ছিলেন। ১৬৫(IX-I)/১৪-১৫ নং নামজারি মামলা অনুমোদনের পর হতে আঃ হান্নান গং দ্বারা বন্দোবস্ত গ্রহীতাগণ হয়রানির শিকার হচ্ছেন। নালিশী জমির দখল নিয়ে হুমকি প্রদান ও শান্তি শৃঙ্খলা ভঙ্গের ঘটনা ঘটেছে এবং মামলা পালটা মামলার উদ্ভব হয়েছে। এতে সরকারের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুন্ন হয়েছে এবং অভিযুক্ত কর্মকর্তা সরকারের ২৫.৫৭ একর সম্পত্তির অর্থমূল্যের সমপরিমাণ আর্থিক ক্ষতি সাধন করেছেন, যা তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক "অসদাচরণ (Misconduct)"-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫' এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীত ভাবে প্রমাণিত হয়েছে। এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব কে এম জহুরুল আলম (১৬২৬৭), এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর ও প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), রামপাল, বাগেরহাট-কে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫' এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)"-এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(বি) মোতাবেক তাকে "০৩(তিন)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য ক্রমপুঞ্জিভূতহারে স্থগিত (Withholding of 3(three) increments for 3(three) years cumulatively)" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব।

অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৩ জানুয়ারি ২০১৮

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৩৯—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোহাম্মদ আবদুল কাইয়ুম, সাবেক মহাপরিচালক (বিআরডিবি) এর পরিবর্তে জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সপদার, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) ঢাকা-কে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ৩(তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-৪১—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ১১(১)(ঙ) এবং ১৪(১) ধারার বিধান অনুযায়ী ড. নাজনীন আহমেদ, সিনিয়র রিচার্স ফোলো, বাংলাদেশ ইনস্টিটিউট অব ডেভলপমেন্ট স্ট্যাডিজ, আগারগাঁও, ঢাকা-কে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ৩(তিন) বছরের জন্য পুনরায় দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-৪২—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ১১(১)(চ) এবং ১৪(১) ধারার বিধান অনুযায়ী জনাব আশফাক আহমদ, উপজেলা চেয়ারম্যান, সদর উপজেলা, সিলেট-কে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ৩(তিন) বছরের জন্য পুনরায় দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-৪৩—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ১১(১)(ঙ) ধারার বিধান অনুযায়ী পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদে জনাব মোঃ নজরুল ইসলাম খান, প্রাক্তন সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা-কে পরিচালক হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রিজওয়ানুল হুদা
উপসচিব।

বিচার শাখা-৭
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আদেশাবলী

তারিখ : ১৬ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-২৫/২০১১-২৮—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মোস্তফা কামাল, পিতা-মৃত নজির আহম্মদ ঢালী, মাতা-মৃত শাফিয়া খাতুন, গ্রাম-নুরাবাদ, ডাকঘর-নুরাবাদ, উপজেলা-চরফ্যাশন, জেলা-ভোলা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ভোলা জেলার চরফ্যাশন উপজেলার ০৭ নং নুরাবাদ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৭ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৬৫/০৩-৩৪—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ সাইদুর রহমান, পিতা-মোঃ খলিল উদ্দীন মন্ডল, মাতা-মৃত ছাহেরা বেগম, গ্রাম-গাজীপুর, ডাকঘর-বলিহার, উপজেলা-সদর, জেলা-নওগাঁ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নওগাঁ জেলার সদর উপজেলার ১০ নং বলিহার ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-৩৫/২০০৩(অংশ)-৩৫—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আজিম উদ্দীন, পিতা-মোঃ শফিউল আজম, মাতা-হোসনে আরা বেগম, গ্রাম-পশ্চিম খিরাম, ডাকঘর-খিরাম, উপজেলা-ফটিকছড়ি, জেলা-চট্টগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার ২১নং খিরাম ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আনোয়ারুল হক
সিনিয়র সহকারী সচিব।

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০১ মাঘ ১৪২৪/১৪ জানুয়ারি ২০১৮

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৯.১৭-৩৩—যেহেতু, বি.সি.এস. (সাধারাণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা ড. মোঃ মহাতাব হোসেন (১২৬০২), সহকারি অধ্যাপক (আরবি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে মাননীয় প্রধানমন্ত্রী ও সরকার সম্পর্কে বিরুপ মন্তব্য করার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন। গত ০৭-১২-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি তার বক্তব্যে জানান যে, গত ০৯ জুন ২০১৫ তারিখ হতে ২০ জুলাই ২০১৭ তারিখ পর্যন্ত তিনি মাদরাসা শিক্ষা অধিদপ্তরে সহকারি পরিচালক (প্রশাসন) পদে কর্মরত ছিলেন। তিনি দীর্ঘ ১২ বছর যাবত সুনামের সাথে রাজশাহী কলেজে শিক্ষকতা ও তথায় স্থাপিত এফএলটিসিতে ল্যাংগুয়েজ ট্রেনার ও কো-অর্ডিনেটর হিসেবে কর্তৃপক্ষের সন্তুষ্টির সাথে তার উপর অর্পিত দায়িত্ব পালন করেছেন। তার গোটা চাকুরি জীবনে পূর্বে কখনো তার বিরুদ্ধে কোন প্রকার অভিযোগ উত্থাপিত হয়নি। তিনি কখনোই মাননীয় প্রধানমন্ত্রী বা সরকারের সমালোচনা করেননি। অধিকন্তু একজন সরকারি কর্মকর্তা হিসেবে তার প্রতি সার্বক্ষণিক আনুগত্য এবং সম্মান প্রর্দশন করা তার দায়িত্ব ও কর্তব্য বলে মনে করেন। তবে তার অগোচরে যদি এ ধরণের কোন কিছু সংঘটিত হয়ে থাকে তার জন্য তিনি অনুতপ্ত এবং ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ যথাযথ নয় বিধায় তাকে অভিযোগসমূহ হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, ড. মোঃ মহাতাব হোসেন (১২৬০২), সহকারি অধ্যাপক (আরবি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এ ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৬.১৭-৩৪—যেহেতু, বি.সি.এস. (সাধারাণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আক্তারাজ্জামান, প্রভাষক (সমাজবিজ্ঞান), ব্রাহ্মবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর অধীনে ১২-০৪-২০১৭ তারিখ এইচ.এস.সি.পরীক্ষা ২০১৭ ব্রাহ্মণবাড়িয়া-১ কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরনের ঘটনায় সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান পূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। গত ০৭-১২-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের অধ্যক্ষের সাথে পরামর্শক্রমে পরীক্ষা কমিটির সদস্য যথাক্রমে জনাব আবুল খায়ের ভুঞা, মোহাম্মদ আক্তারুজ্জামান ও সুমন কর্মকারকে নিয়ে ২৯-০৩-২০১৭ তারিখে জেলা ট্রেজারীতে গিয়ে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ব্রাহ্মবাড়িয়া সরকারি কলেজ কেন্দ্রের প্রশ্নপ্রত্র প্যাকেটসমূহ যাচাই

করেন। ঐ দিন তিনি পরীক্ষার অন্যান্য প্রস্তুতিমূলক কাজ করেন। গত ১২-০৪-২০১৭ তারিখে প্রশ্নপত্র আনার জন্য উক্ত শিক্ষকবৃন্দ ০৯.০৭ ঘটিকায় ট্রেজারী থেকে প্রশ্নপত্র নিয়ে অধ্যক্ষের কক্ষে নিয়ে আসেন। নির্ধারিত সময়ে পরীক্ষা শুরু করার তাগিদে ভারপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে তারা পরীক্ষা কমিটির সকল সদস্যগণ প্রশ্নপত্রের প্যাকেটসমূহ খুলে গুনে কক্ষ ভিত্তিক খামভুক্তকরণের মাধ্যমে কক্ষ প্রত্যবেক্ষকগণের নিকট বিতরণের ব্যবস্থা গ্রহণ করেন। পরীক্ষা শুরু হওয়ার সাথে সাথে একটি কক্ষ থেকে কমিটিকে জানানো হয় যে, ঐ কক্ষে কিছু পরীক্ষার্থীর নিকট জীববিজ্ঞান ১ম পত্রের পরিবর্তে জীববিজ্ঞান ২য় পত্রের বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ করা হয়েছে। তিনি তাৎক্ষণিকভাবে ভুল প্রশ্নপত্র তুলে নিয়ে সঠিক প্রশ্নপত্র বিতরণ করে যথারীতি পরীক্ষা সম্পন্ন করেন। একসাথে প্রশ্নপত্রের অনেকগুলো প্যাকেট যাচাই করতে গিয়ে দৃষ্টি বিভ্রমবশত জীববিজ্ঞান ১ম পত্রে প্যাকেটসমূহের সাথে জীববিজ্ঞান ২য় পত্রের বহুনির্বাচনী প্রশ্নে ২০ (বিশ)টির ১টি প্যাকেট চলে আসে। উক্ত তারিখে তিনটি ভিন্ন শাখার (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) পাঁচটি ভিন্ন বিষয়ের পৌরনীতি ও সুশাসন ১ম পত্র-২৬৯; পৌরনীতি ১ম পত্র-১১১; জীববিজ্ঞান ১ম পত্র-১৭৮ ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা ১ম পত্র-২৩১ এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা ১ম পত্র-২৯২) চারটি ভিন্ন সালের সিলেবাসের বহুনির্বাচনী ও সৃজনশীল প্রশ্নপত্র গুনে প্যাকেটে ভরে চৌত্রিশটি কক্ষে পাঠিয়ে নির্ধারিত সময়ে পরীক্ষা শুরু করতে হয়েছিলো। তাৎক্ষণিকভাবে ভুল প্রশ্নপত্র তুলে নিয়ে সঠিক প্রশ্নপত্র দিয়ে সুষ্ঠুভাবে পরীক্ষা পালন করা হয়। ঐ দিনের পরীক্ষা অনুষ্ঠানে কোন বিঘ্ন সৃষ্টি হয়নি। পরীক্ষা পরিচালনা একটি দলগত কাজ। দৃষ্টিবিভ্রমজনিত কারণে দলগত কাজে সংঘটিত সম্পূর্ণ অনিচ্ছাকৃত এ ভুলের জন্য তিনি অত্যন্ত দুঃখিত, অনুতপ্ত ও ক্ষমা চেয়েছেন। তিনি ভবিষ্যতে এ ধরনের ভুল না করার বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার অঙ্গীকার ব্যক্ত করেন। সার্বিক পর্যালোনায় তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ আক্তারাজ্জামান এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৭.১৭-৩৬—যেহেতু, বি.সি.এস. (সাধারাণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব সুমন কর্মকার, প্রভাষক (হিসাববিজ্ঞাপন), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর অধীনে ১২-০৪-২০১৭ তারিখ এইচ.এস.সি. পরীক্ষা ২০১৭ এ ব্রাহ্মণবাড়িয়া-১ কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনায় সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। গত ০৭-১২-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর অধীনে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০১৭ অনুষ্ঠানের লক্ষ্যে কমিটির সদস্য হিসেবে অধ্যক্ষ ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ কেন্দ্র-০১ কর্তৃক তিনি দায়িত্বপ্রাপ্ত হন। পরীক্ষা পরিচালনা কমিটির কনিষ্ঠ সদস্য হিসেবে ভারপ্রাপ্ত কর্মকর্তা ও পরীক্ষা পরিচালনা কমিটির আহ্বায়ক কর্তৃক আরোপিত সকল দায়িত্ব তিনি তার জ্ঞান ও বিশ্বাস মতে যথাযথভাবে পালনে সচেষ্ট ছিলেন। গত ১২-০৪-২০১৭ তারিখে ট্রেজারি হতে পরীক্ষার প্রশ্নপত্র কেন্দ্রে আনা এবং ভারপ্রাপ্ত কর্মকর্তার কক্ষে স্বাক্ষর প্রদানপূর্বক গালাসীলকৃত প্যাকেটসমুহের সঠিকতা নিশ্চিত করার জন্য তিনি দায়িত্বপ্রাপ্ত ছিলেন না। তাই ভুল প্রশ্নপত্র বিতরণের বিষয়টি তার নজরে আসেনি। পরীক্ষা আরম্ভ হবার পর তিনি এ বিষয়ে জানতে পারেন এবং সাথে সাথে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নির্দেশে সঠিক কোডের প্রশ্নপত্র বিতরণে সহায়তা করেন। এ বিষয়ে তিনি সর্বোচ্চ সহানুভূতি, অনুকম্পা ও নিঃশর্ত ক্ষমা চেয়েছেন। তিনি ভবিষ্যতে এ ধরনের ভুল না করার বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার অঙ্গীকার করেন। সার্বিক পর্যালোচনায় তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব সুমন কর্মকার এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৮.১৭-৩৫—যেহেতু, বি.সি.এস. (সাধারাণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ হানিফ, অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর অধীনে ১২-০৪-২০১৭ তারিখ এইচ.এস.সি. পরীক্ষা ২০১৭ এ ব্রাহ্মণবাড়িয়া-১ কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনায় সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। গত ০৭-১২-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ কেন্দ্রে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা জন্য ০৪ (চার) সদস্যের কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির সদস্য যথাক্রমে জনাব আবুল খায়ের ভুঞা, মোহাম্মদ আক্তারুজ্জামান ও সুমন কর্মকারসহ ট্রেজারিতে কর্মরত ট্রেজারি অফিসারকে নিয়ে ২৯-০৩-২০১৭ তারিখে জেলা ট্রেজারীতে রক্ষিত প্রশ্নপত্রের বাছাইকার্য সম্পন্ন করা হয়। গত ১২-০৪-২০১৭ তারিখে পরীক্ষা কমিটির সদস্যগণ সকাল ০৯.০৭ ঘটিকায় ট্রেজারী থেকে প্রশ্নপত্র নিয়ে তার কক্ষে আসেন। ট্রেজারী থেকে পরীক্ষা কেন্দ্রে বিলম্বে প্রশ্নপত্র পৌছায় এবং নির্দিষ্ট সময়ে পরীক্ষা শুরু করার তাগিদে অবশিষ্ট কাজগুলো অত্যন্ত দ্রুততার সাথে করতে হয়। প্রশ্নপত্রের প্যাকেটগুলোর সিলগালা এবং কোড নম্বর যাচাই করে প্যাকেট খুলে এবং প্রশ্নপত্রের খাম বন্টন করা হয়। তিনি পরীক্ষা শুরু হলে জানতে পারেন একটি কক্ষে জীববিজ্ঞান ১ম পত্রে (কোড নং-১৭৮) পরিবর্তে জীববিজ্ঞান ২য় পত্রের (কোড নং-১৭৯) কিছু প্রশ্নপত্র বিতরণ করা হয়েছে। তাৎক্ষণিকভাবে ২য় পত্রের প্রশ্নপত্র উঠিয়ে নিয়ে ঐ কক্ষে ১ম পত্রের প্রশ্নপত্র বিতরণের ব্যবস্থা করে যথারিতি পরীক্ষা সম্পন্ন করা হয়। সময় স্বল্পতার কারণে একান্তই অসাবধানতাজনিত সম্পূর্ণ অনিচ্ছাকৃত এ ভুলের জন্য তিনি অত্যন্ত দুঃখিত, অনুতপ্ত এবং ক্ষমা চেয়েছেন। তিনি ভবিষ্যতে এ ধরনের ভুল না করা বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার অঙ্গীকার করেন। সার্বিক পর্যালোনায় তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ হানিফ এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৪.১৭-৩৭—যেহেতু, বি.সি.এস. (সাধারাণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ খালেদ হোসেন খান, সহযোগী অধ্যাপক (ব্যবস্থাপনা), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর অধীনে ১২-০৪-২০১৭ তারিখ এইচ.এস.সি. পরীক্ষা ২০১৭ এ ব্রাহ্মণবাড়িয়া-১ কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনায় সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। গত ০৭-১২-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ অধ্যক্ষের সাথে পরামর্শক্রমে পরীক্ষা কমিটির সদস্য যথাক্রমে জনাব আবুল খায়ের ভুঞা, মোহাম্মদ আক্তারুজ্জামান ও সুমন কর্মকারকে নিয়ে ২৯-০৩-২০১৭ তারিখে জেলা ট্রেজারীতে গিয়ে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ কেন্দ্রের প্রশ্নপত্রের প্যাকেটসমূহ যাচাই করেন। ঐ দিন তিনি পরীক্ষার অন্যান্য প্রস্তুতিমূলক কাজ করেন। গত ১২-০৪-২০১৭ তারিখে প্রশ্নপত্র আনার জন্য উক্ত শিক্ষকবৃন্দ ০৯.০৭ ঘটিকায় ট্রেজারী থেকে প্রশ্নপত্র নিয়ে অধ্যক্ষের কক্ষে আসেন। নির্ধারিত সময়ে পরীক্ষা শুরু করার তাগিদে ভারপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে তারা পরীক্ষা কমিটির সকল সদস্যগণ প্রশ্নপত্রের প্যাকেটসমূহ খুলে গুণে কক্ষ ভিত্তিক খামভুক্তকরণের মাধ্যমে কক্ষ প্রত্যবেক্ষকগণের নিকট বিতরণের ব্যবস্থা গ্রহণ করেন। পরীক্ষা শুরু হওয়ার সাথে সাথে একটি কক্ষ থেকে কমিটিকে জানানো হয় যে, ঐ কক্ষে কিছু পরীক্ষার্থীর নিকট জীববিজ্ঞান ১ম পত্রের পরিবর্তে জীববিজ্ঞান ২য় পত্রের বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ করা হয়েছে। তিনি তাৎক্ষণিকভাবে ভুল প্রশ্নপত্র তুলে নিয়ে সঠিক প্রশ্নপত্র বিতরণ করে যথারীতি পরীক্ষা সম্পন্ন করেন। একসাথে প্রশ্নপত্রের অনেকগুলো প্যাকেট যাচাই করতে গিয়ে দৃষ্টিবিভ্রমবশতঃ জীববিজ্ঞান ১ম পত্রের প্যাকেটসমূহের সাথে জীববিজ্ঞান ২য় পত্রের বহুনির্বাচনী প্রশ্নের ২০ (বিশ)টির ১টি প্যাকেট চলে আসে। উক্ত তারিখে তিনটি ভিন্ন শাখার (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) পাঁচটি ভিন্ন বিষয়ের (পৌরনীতি ও সুশাসন ১ম পত্র-২৬৯; পৌরনীতি ১ম পত্র-১১১; জীববিজ্ঞান ১ম পত্র-১৭৮) ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা ১ম পত্র-২৩১ এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা ১ম পত্র-২৯২) চারটি ভিন্ন সালের সিলেবাসের বহুনির্বাচনী ও সৃজনশীল প্রশ্নপত্র গুনে প্যাকেটে ভরে চৌত্রিশটি কক্ষে পাঠিয়ে নির্ধারিত সময়ে পরীক্ষা শুরু করতে হয়েছিল। তাৎক্ষণিকভাবে ভুল প্রশ্নপত্র তুলে নিয়ে সঠিক প্রশ্নপত্র দিয়ে সুষ্ঠুভাবে পরীক্ষা পালন করা হয়। ঐ দিনের পরীক্ষা অনুষ্ঠানে কোন বিঘ্ন সৃষ্টি হয়নি। পরীক্ষা পরিচালনা একটি দলগত কাজ। দৃষ্টিবিভ্রমজনিত কারণে দলগত কাজে সংঘটিত সম্পূর্ণ অনিচ্ছাকৃত এ ভুলের জন্য তিনি অত্যন্ত দুঃখিত, অনুতপ্ত এবং ক্ষমাপ্রার্থী। ভবিষ্যতে এ ধরনের ভুল না করার বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার অঙ্গীকার করেন। সার্বিক পর্যালোনায় তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ খালেদ হোসেন এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৫.১৭-৩৮—যেহেতু, বি.সি.এস. (সাধারাণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আবুল খায়ের ভূঞা, সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর অধীনে ১২-০৪-২০১৭ তারিখ এইচ. এস. সি. পরীক্ষা ২০১৭ এ ব্রাহ্মণবাড়িয়া-১ কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনায় সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। গত ০৭-১২-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ অধ্যক্ষের সাথে পরামর্শক্রমে পরীক্ষা কমিটির সদস্য যথাক্রমে জনাব মোঃ খালেদ হোসেন, মোহাম্মদ আক্তারুজ্জামান ও সুমন কর্মকারকে নিয়ে ২৯-০৩-২০১৭ তারিখে জেলা ট্রেজারীতে গিয়ে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ কেন্দ্রের প্রশ্নপত্রের প্যাকেটসমূহ যাচাই করেন। ঐ দিন তিনি পরীক্ষার অন্যান্য প্রস্তুতিমূলক কাজ করেন। গত ১২-০৪-২০১৭ তারিখে প্রশ্নপত্র আনার জন্য উক্ত শিক্ষকবৃন্দ ০৯.০৭ ঘটিকায় ট্রেজারী থেকে প্রশ্নপত্র নিয়ে অধ্যক্ষের কক্ষে নিয়ে আসেন। নির্ধারিত সময়ে পরীক্ষা শুরু করার তাগিদে ভারপ্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে তারা পরীক্ষা কমিটির সকল সদস্যগণ প্রশ্নপত্রের প্যাকেটসমূহ খুলে গুণে কক্ষ ভিত্তিক খামভুক্তকরণের মাধ্যমে কক্ষ প্রত্যবেক্ষকগণের নিকট বিতরণের ব্যবস্থা গ্রহণ করেন। পরীক্ষা শুরু হওয়ার সাথে সাথে একটি কক্ষ থেকে কমিটিকে জানানো হয় যে, ঐ কক্ষে কিছু পরীক্ষার্থীর নিকট জীববিজ্ঞান ১ম পত্রে পরিবর্তে জীববিজ্ঞান ২য় পত্রের বহুনির্বাচনী প্রশ্নপত্র বিতরণ করা হয়েছে। তিনি তাৎক্ষণিকভাবে ভুল প্রশ্নপত্র তুলে নিয়ে সঠিক প্রশ্নপত্র বিতরণ করে যথারীতি পরীক্ষা সম্পন্ন করেন। একসাথে প্রশ্নপত্রের অনেকগুলো প্যাকেট যাচাই করতে গিয়ে দৃষ্টিবিভ্রমবশতঃ জীববিজ্ঞান ১ম পত্রের প্যাকেটসমূহের সাথে জীববিজ্ঞান ২য় পত্রের বহুনির্বাচনী প্রশ্নের ২০(বিশ) টির ১টি প্যাকেট চলে আসে। উক্ত তারিখে তিনটি ভিন্ন শাখার (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) পাঁচটি ভিন্ন বিষয়ের (পৌরনীতি ও সুশাসন ১ম পত্র-২৬৯; পৌরনীতি ১ম পত্র-১১১; জীববিজ্ঞান ১ম পত্র-১৭৮) ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা ১ম পত্র-২৩১ এবং ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা ১ম পত্র-২৯২) চারটি ভিন্ন সালের সিলেবাসের বহুনির্বাচনী ও সৃজনশীল প্রশ্নপত্র গুনে প্যাকেটে ভরে চৌত্রিশটি কক্ষে পাঠিয়ে নির্ধারিত সময়ে পরীক্ষা শুরু করতে হয়েছিল। তাৎক্ষণিকভাবে ভুল প্রশ্নপত্র তুলে নিয়ে সঠিক প্রশ্নপত্র দিয়ে সুষ্ঠুভাবে পরীক্ষা পালন করা হয়। ঐ দিনের পরীক্ষা অনুষ্ঠানে কোন বিঘ্ন সৃষ্টি হয়নি। পরীক্ষা পরিচালনা একটি দলগত কাজ। দৃষ্টিবিভ্রমজনিত কারণে দলগত কাজে সংঘটিত সম্পূর্ণ অনিচ্ছাকৃত এ ভুলের জন্য তিনি অত্যন্ত দুঃখিত, অনুতপ্ত এবং ক্ষমাপ্রার্থী এবং ভবিষ্যতে এ ধরনের ভুল না করার বিষয়ে সর্বোচ্চ সতর্ক থাকার অঙ্গীকার ব্যক্ত করেছেন। সার্বিক পর্যালোনায় তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ আবুল খায়ের ভূঞা এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সোহরাব হোসাইন
সচিব।

তথ্য মন্ত্রণালয়
প্রেস-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ মাঘ ১৪২৪/১৭ জানুয়ারি ২০১৮

নং ১৫.০০.০০০০.০২০.১১.০৬৩.১১-১২—তথ্য অধিকার আইন-২০০৯' এর ১৫(১) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি নিম্নোক্ত ব্যক্তিকে প্রধান তথ্য কমিশনার হিসেবে নিয়োগ প্রদান করেছেন :

মরতুজা আহমদ
সাবেক সচিব

২। প্রধান তথ্য কমিশনার-এঁর পদমর্যাদা, পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধা সরকার কর্তৃক নির্ধারিত হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসরিন পারভীন
সিনিয়র সহকারী সচিব।

ভূমি মন্ত্রণালয়
অধিগ্রহণ-২
এল. এ কেস নং-২৫(ও)/৮০-৮১
ফরম-'ঘ'
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা
[১১(২) ধারা মোতাবেক]

তারিখ : ১৪ জানুয়ারি ২০১৮ খ্রিঃ

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৯৬.১৭-২৮—যেহেতু, নিম্নে তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৯-০৩-৮২ খ্রিঃ তারিখ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নে তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হয়ে সরকারের ওপর অর্পিত হলো।

তফসিল

মৌজা ঃ দক্ষিণ চর লামছি পাতা, জে, এল নং-৩১, সিট নং-০২ উপজেলা ঃ দৌলতখাঁন, জেলা ঃ ভোলা।

দাগ নং (এস, এ)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
২৯২, ২৯৩, ২৯৪, ২৯৫, ২৯৬, ২৯৭, ২৯৮, ৩০০।	৪.২৮

অধিগ্রহণকৃত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

মোঃ আব্দুর রাজ্জাক
উপসচিব।

এল. এ কেস নং-২৪(w)/৬৯-৭০

ফরম-'ঘ'

(৫ নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

[১১(২) ধারা মোতাবেক]

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৯৬.১৭-২৮—যেহেতু, নিম্নে তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০২-০১-৭১ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নে তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হয়ে সরকারের ওপর অর্পিত হলো।

তফসিল

মৌজা ঃ উত্তর চর কলমী, জে, এল নং-১১১, সিট নং-০২ উপজেলা ঃ চরফ্যাশন, জেলা ঃ ভোলা।

দাগ নং (এস, এ)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
৬২৮, ৬৩১, ৬৪৭, ৬৪৮, ৬৫০, ৬৫১ ৬৫২, ৬৫৩, ৬৫৫, ৬৫৬, ৬৫৭, ৬৫৮, ৬৫৯, ৬৬০, ৬৬১, ৭৩১, ৭৩২, ৭৩৩, ৭৩৪, ৭৩৫, ৭৩৬, ৭৩৭, ৭৩৮, ৭৩৯, ৭৪০, ৭৪১, ৭৪২, ৭৪৩, ৭৪৪, ৭৪৫, ৭৪৬, ৭৪৭, ৭৪৮, ৭৪৯, ৮৩৯, ৮৪০, ৮৪১, ৮৪২, ৮৪৩, ৮৪৪, ৮৪৫, ৮৪৬, ৮৪৭, ৮৫০, ৮৫১, ৮৫২, ৮৫৩, ৮৫৪, ৮৫৫, ৮৫৬, ৮৫৭, ৮৬০, ৮৬৯, ৮৭০, ৮৭১, ৮৭২, ৮৭৩, ৮৭৪, ৮৭৫, ৯১৮, ৯৩০, ৯৩১, ৯৪৮, ৯৪৯, ৯৫১।	৫৩.০৮

অধিগ্রহণকৃত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

মোঃ আব্দুর রাজ্জাক
উপসচিব।

এল. এ কেস নং-১৯(w)/৭১-৭২
ফরম-'ঘ'
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা
[১১(২) ধারা মোতাবেক]

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৯৬.১৭-২৮—যেহেতু, নিম্নে তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৭-০১-১৯৭৩ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নে তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হয়ে সরকারের ওপর অর্পিত হলো।

তফসিল

মৌজা ঃ মোহাম্মদপুর, জে, এল নং-৯২, সিট নং-০৩, উপজেলা ঃ চরফ্যাশন, জেলা ঃ ভোলা।

দাগ নং (এস, এ)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ(একরে)
১৪১৭, ১৪২০, ১৪২৩, ১৫১৫, ১৫২৪, ১৫৯২।	৪.৫৩

অধিগ্রহণকৃত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

মোঃ আব্দুর রাজ্জাক
উপসচিব।

এল. এ কেস নং-১৯/৭২-৭৩
ফরম-'ঘ'
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা
[১১(২) ধারা মোতাবেক]

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৯৬.১৭-২৮—যেহেতু, নিম্নে তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৪-০৭-৭৩ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নে তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হয়ে সরকারের ওপর অর্পিত হলো।

তফসিল

মৌজা ঃ রহমানপুর, জে, এল নং-৭৩, সিট নং-০৪, উপজেলা ঃ মনপুরা, জেলা ঃ ভোলা।

দাগ নং (এস, এ)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে)
১৫২০, ১৫২১, ১৫২২, ১৫২৩, ১৫২৪, ১৫২৫, ১৫২৬, ১৫২৭, ১৫২৮, ১৫২৯, ১৫৩০, ১৫৩১, ১৫৩৯, ১৫৪০, ১৫৪১, ১৫৪২, ৫৪৩, ১৫৬৯, ১৬৬৩, ১৬৬৪, ১৬৭১, ১৬৮১, ১৬৮২, ১৬৮৬, ১৬৮৭, ১৬৯২, ১৬৯৩, ১৭২৩, ১৭২৪, ১৭২৫, ১৭২৬, ১৭২৭, ১৭২৮, ১৭২৯, ১৭৩০, ১৭৩১, ১৭৩২, ১৭৩৩, ১৭৩৪, ১৭৩৫, ১৭৪৫, ১৭৪৭, ১৮৯৫, ১৯০০, ১৯০১, ১৯০৬, ১৯০৭, ১৯১২, ১৯১৩, ১৯২০, ১৯২১, ১৯৩১, ১৯৩২, ১৯৪৭, ১৯৪৮, ১৯৫১, ১৯৫২, ১৯৬৩, ১৯৬৬, ১৯৬৭, ১৯৭০, ১৯৭১, ১৯৭৪, ১৯৭৫, ১৯৭৬, ১৯৯২, ১৯৯৩, ১৯৯৪, ১৯৯৫, ২০১০, ২০১১, ২০১২, ২০১৩, ২০১৪, ২০১৫, ২০১৬, ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১, ২০২২, ২০২৩, ২০২৪, ২০২৫, ২০২৬, ২০২৭, ২০২৮।	৪২.২৬

অধিগ্রহণকৃত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি হুকুম দখল শাখায় দেখা যেতে পারে।

মোঃ আব্দুর রাজ্জাক
উপসচিব।

এল. এ কেস নং-২৯(w)/৮০-৮১
ফরম-'ঘ'
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা
[১১(২) ধারা মোতাবেক]

